



অসাংবিধানিকভাবে শপথ নিয়েছে বিরোধী দল: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। ছবি- সংগৃহীত

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বিরোধী দল জামায়াত-এনসিপির সংসদ সদস্যরা অসাংবিধানিক প্রক্রিয়ায় শপথ নিয়েছেন। রোববার (১৫ মার্চ) জাতীয় সংসদের প্রথম অধিবেশনের দ্বিতীয় দিনের বৈঠকে অংশ নিয়ে তিনি এ মন্তব্য করেন।

তিনি জানান, জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তবে গণভোটের রায় কার্যকর করতে হলে সংবিধানে সংশোধনী আনা বাধ্যতামূলক। অধিবেশনে যোগ দেওয়ার আগে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেছেন। ‘সংস্কার পরিষদ’ নামে কোনো সাংবিধানিক কাঠামোর অস্তিত্ব বর্তমানে নেই। জুলাই জাতীয় সনদের আলোকে সংবিধান সংস্কার পরিষদ গঠন করতে চাইলে আগে সংবিধান সংশোধন করতে হবে। তিনি আরও বলেন, রাষ্ট্রপতি জাতীয় সংসদের অধিবেশন ডেকেছেন, কোনো সংস্কার পরিষদের সভা আহ্বান করা হয়নি। সে কারণেই সাংবিধানিক প্রক্রিয়া অনুসরণ করে সংসদের অধিবেশনে অংশ নেওয়া হচ্ছে।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, জুলাই জাতীয় সনদে উল্লিখিত পরিষদের সাংবিধানিক বৈধতা নিয়ে ইতোমধ্যে আদালতে রিট হয়েছে এবং এ বিষয়ে রুল জারি হয়েছে। বিষয়টি এখন বিচারাধীন। তিনি বলেন, বর্তমান সংবিধানে এ ধরনের কোনো পরিষদের বিধান নেই। গণভোটের রায়ের ভিত্তিতে এমন পরিষদ গঠন করতে হলে সংসদে আলোচনা সাপেক্ষে সংবিধান সংশোধন করতে হবে। সংশোধনী পাস হলে তা সংবিধানে যুক্ত হবে, এরপর প্রয়োজন অনুযায়ী পরিষদ গঠন ও শপথের বিষয়টি বিবেচনায় আসতে পারে। স্পিকার ও ডেপুটি স্পিকারের অবস্থান প্রসঙ্গে তিনি বলেন, তারা এখনো দলের প্রাথমিক সদস্যপদ বহাল রেখেছেন এবং দল ছাড়েননি। ফলে সংবিধানের ৭০ অনুচ্ছেদ এখানে প্রযোজ্য নয়। দলত্যাগের ঘটনা ঘটলেই কেবল এ অনুচ্ছেদ কার্যকর হবে।